

## তথ্যপ্রযুক্তি খাতে দেওয়া হলো ৫৮ পুরস্কার



তথ্যপ্রযুক্তির  
আয়োজন ডিজিটাল  
ওয়ার্ল্ড-২০১৫-এর  
সমাপনী অনুষ্ঠানে  
দেশের তথ্য ও  
যোগাযোগপ্রযুক্তি  
(আইসিটি) ক্ষেত্রে

অবদানের জন্য ৫৮টি পুরস্কার দেওয়া হয়েছে। সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তি পর্যায়ে পুরস্কার দেওয়া হয়। গত বুধসপ্তিমবার রাতে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ অনুষ্ঠানে অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত জাগানী জুন মাসের মধ্যে ই-কমার্স ব্যবসার কিছু মওকুফের ইস্তিত দেন। তিনি বলেন, 'জুনের মধ্যে ই-কমার্সের কর মওকুফের সুখবর দিতে পারি। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর আইসিটিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেন, 'এখন থেকে প্রতিবছর ডিজিটাল ওয়ার্ল্ড হবে। মিলনায়তন ভর্তি তরুণদের দেখে আমি খুব খুশি। আমার স্বপ্ন ছিল ডিজিটাল বাংলাদেশ গড়ার আর আইসিটি শিল্প গড়ার। আজকের এই ডিজিটাল ওয়ার্ল্ড আমার স্বপ্নের সফলতা।' অনুষ্ঠানে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ বক্তৃতা করেন।

তথ্যপ্রযুক্তি খাতে অবদান রাখার জন্য আত্মীবন সম্মাননা পেয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আতিউর রহমান। এ ছাড়া ব্যক্তি-প্রতিষ্ঠানের মধ্যে আরও ৫৭টি পুরস্কার দেওয়া হয়।

পুরস্কারের তালিকা: বিশেষ সম্মাননা—নাকিস বিন জাফর, হিমেল দেব, অনন্যা রায়হান, কামাল কাদির, এ কে এম ফাহিম মার্শরুদ ও ওয়াহিদ শরীফ।

সেরা ডিজিটাল হাসপাতাল জাতীয় কিডনি ডিজিসেস অ্যান্ড ইউরোলজি (নিকড), সেরা ডিজিটাল ব্যাংক ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড, সেরা সংবাদপত্র দৈনিক সমকাল। সেরা সাংবাদিক মুন্সী সাহা, সেরা নারী উদ্যোক্তা ফারহানা এ রহমান, তথ্যপ্রযুক্তিবিষয়ক সাংবাদিকতা আবির্ হাসান, সেরা পুলিশ সুপার বগুড়ার মোজাম্মেল হক, সেরা পুলিশ কর্মকর্তা (ওসি) চট্টগ্রামের বুলশী থানার মাইনুল ইসলাম

ভূইয়া ও সেরা ডিজিটাল পৌরসভা কিনাইদহ পৌরসভা। সেরা শ্রেণী প্রশাসকের পুরস্কার পেয়েছেন ঢাকা, ফেনী, কুষ্টিয়া, বগুড়া, পটুয়াখালী, সুনামগঞ্জ ও দিনাজপুরের জেলা প্রশাসকেরা।

নান্দাইল (ময়মনসিংহ), চাঁদিনা (কুমিল্লা), অভয়নগর (যশোর), নাটোর সদর, কালকাঠি সদর, বড়লেখা (মৌলভীবাজার) ও পঞ্চগড় সদরের উপজেলা নির্বাহী কর্মকর্তারা সেরা উপজেলা কর্মকর্তার পুরস্কার পেয়েছেন। সেরা সহকারী কমিশনারের (ভূমি) পুরস্কার পেয়েছেন ঢাকার ধানমন্ডি সার্কেল, চট্টগ্রাম সদর সার্কেল, নড়াইল সদর, পাবনা সদর, বরগুনা সদর, হবিগঞ্জের বানিয়াচং ও রংপুরের পীরগঞ্জ সার্কেলের সহকারী কমিশনাররা।

সাতটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পেয়েছে পুরস্কার। এগুলো হলো: নরসিংদীর রায়পুরের আদিয়াবাদ, বরগুনার ছোটবগী, কুষ্টিয়া সদরের আলামপুর, সিলেটের রুস্তমপুর, নোয়াখালীর নেওয়াজপুর, সিরাজগঞ্জের সয়দাবাদ ও দিনাজপুরের মসলপুর ইউনিয়ন।

সেরা ডিজিটাল শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে পুরস্কার পেয়েছে মুসলিম বালিকা উচ্চবিদ্যালয় ও কলেজ, উদয়ন মাধ্যমিক বিদ্যালয়, খুলনা পাবলিক কলেজ।

সরকারি অগ্রগামী বালিকা উচ্চবিদ্যালয় ও কলেজ, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চবিদ্যালয়, কামারখন্দ ফাজিল মাদ্রাসা ও বি পি সরকারি উচ্চবিদ্যালয়।

সেরা ডিজিটাল থানা হিসেবে পুরস্কার জিতেছে সাভার মডেল থানা, দেবীদ্বার থানা, কোতোয়ালি থানা যশোর, কাহালু থানা, ভোলা সদর থানা, কোতোয়ালি মডেল থানা সিলেট ও ঠাকুরগাঁও সদর থানা।

ডিজিটাল ওয়ার্ল্ডে সেরা স্টলের পুরস্কার দেওয়া হয়েছে। পুরস্কারপ্রাপ্ত স্টলগুলো হলো— সরকারি: শিক্ষা মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু বিভাগ এবং অর্থ মন্ত্রণালয়; সফটওয়্যার—রিড সিস্টেমস, কোর নলেজ লিমিটেড ও বিজনেস অটোমেশন; মোবাইল—রাইজআপ ল্যাবস, হুয়াইই ও ইনোভেশন নেস্ট জেন; ই-কমার্স—সফটওয়্যার লি., চালডাল ও এখনই উটকম।

—নিজস্ব প্রতিবেদক